গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
আগারগাঁও, ঢাকা
(মূসক বাস্তবায়ন ও আইটি অনুবিভাগ)
[মূসক করদাতা সেবা]

**সভার কার্যবিবরণী**

**বিষয়: ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন উপলক্ষে গঠিত উদযাপন কমিটির দ্বিতীয় সভা।**

ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন উপলক্ষে গঠিত উদযাপন কমিটি এর অর্ন্তগত ঢাকাস্থ সকল উপ-কমিটি ও ঢাকার বাইরের সকল আঞ্চলিক উপ-কমিটির নির্ধারিত কার্যপরিধির সিদ্ধান্ত বাস্তবায়ন ও পরবর্তী করণীয় বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে ১৪/১১/২০২৪ খ্রিঃ তারিখ, সকাল ১০.৩০ টায় একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জাতীয় রাজস্ব বোর্ডের সম্মানিত সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) ও আহ্বায়ক, ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন কমিটি।

০২। সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয় ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ পালন উপলক্ষে গঠিত উপ-কমিটি ভিত্তিক বণ্টনকৃত কার্যের হালনাগাদ তথ্য ও পরবর্তী করণীয় বিষয়ে আলোকপাত করার জন্য ১২টি উপ-কমিটির আহ্বায়কগণ এবং ০৭টি আঞ্চলিক উপ-কমিটির আহবায়ক/প্রতিনিধিগণকে অনুরোধ করেন। অতঃপর ১২টি উপ-কমিটির আহ্বায়কগণ ও ০৭টি আঞ্চলিক উপ-কমিটির আহবায়ক/প্রতিনিধিগণ তাঁদের জন্য নির্ধারিত কার্যের বাস্তবায়ন ও পরবর্তী করণীয় তুলে। ধরেন। সংশ্লিষ্ট উপ-কমিটিসমূহের কার্যপরিধির বাস্তবায়ন ও পরবর্তী করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয় যা নিম্নরূপঃ

**(১) আমন্ত্রণপত্র তৈরি ও বিতরণ উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | আহব্বায়ক |
| ০২ | অতিরিক্ত মহাপরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-পরিচালক-১, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য সচিব |

<u>কার্যপরিধি:</u>

- সদস্য (মূসক নিরীক্ষা) ও চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে আমন্ত্রণপত্র ও আমন্ত্রিত অতিথিবর্গের তালিকা প্রণয়ন;
- আমন্ত্রণপত্র পৌছানো নিশ্চিতকরণ;
- অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য ভিআইপি অতিথিদের সাথে নিবিড় যোগাযোগপূর্বক তাঁদের উপস্থিতির বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ; এবং
- জাতীয় পর্যায়ে সর্বোচ্চ মূসক পরিশোধকারী প্রতিষ্ঠানসমূহের স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকদের সম্মাননা প্রদানের লক্ষ্যে পুরস্কারপ্রাপ্ত প্রথম ০৯ জনকে সেমিনার অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিতকরণ এবং তাদের অবর্তমানে প্রতিষ্ঠানের কোন পর্যায়ের কর্মকর্তা অংশগ্রহণ করবেন, তা লিখিতভাবে 'সর্বোচ্চ ভ্যাটদাতাগণকে সম্মাননা প্রদান প্রস্তুতি" উপ-কমিটির আহ্বায়ককে জানানো (বাকী করদাতাগণকে স্ব স্ব কমিশনারেটের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে)।

<u>বাস্তবায়ন ও সিদ্ধান্ত:</u>

- চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাক্রমে অনুষ্ঠানের প্রধান অতিথি নির্ধারণ করা হয়েছে;
- আমন্ত্রণপত্রের খসড়া/নুমনা প্রস্তুতপূর্বক অনুমোদন গ্রহণ করা হয়েছে;

- জনসংযোগ কর্মকর্তার সাথে যোগাযোগ করে যেসব সাংবাদিকদের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড বাতিল হয়েছে সেটি ক্রস চেক করে ইলেকট্রনিক, ডিজিটাল ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের দাওয়াত নিশ্চিত করা; এবং
- আমন্ত্রণপত্রের প্রাপ্তিস্বীকার নিশ্চিত করতে হবে।

(২) সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টমস হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | আহব্বায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস হাউজ (আইসিডি), কমলাপুর, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

- সেমিনারের জন্য সিম্পল ফোল্ডার তৈরি করা;
- ফোল্ডারে সরবরাহের জন্য ভ্যাট দিবসের মূল শ্লোগানসহ প্যাড, কলম ও স্টিকার ইত্যাদি তৈরি করা;
- কি-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটির নিকট হতে অনুমোদিত Keynote সংগ্রহ করে ফোল্ডারে প্রদান;
- ফোল্ডারে কি-নোট, প্যাড, কলম ও স্টিকার দেয়াসহ সভা শুরুর প্রারম্ভে আমন্ত্রিত অতিথিদের নির্ধারিত আসনে তা বিতরণ;
- সম্মেলন কক্ষের অতিথি ও সকলের আসন বিন্যাস ও অনুষ্ঠান পরিচালনার সার্বিক ব্যবস্থাপনা ও শৃঙ্খলা বিধান নিশ্চিত করা;
- অনুষ্ঠানের জন্য একাধিক সঞ্চালক নির্বাচন করে অনুষ্ঠান সঞ্চালনের ব্যবস্থা নেয়া;
- কোরআন তেলাওয়াতের ব্যবস্থা করা;
- মঞ্চের অতিথিদের পুষ্পস্তবক প্রদানের ব্যবস্থা করা এবং তা প্রদান; এবং
- সেমিনার সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে নিরাপত্তা নিশ্চিত করা।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- অনুষ্ঠানের জন্য একাধিক সঞ্চালক নির্বাচন করে অনুষ্ঠান সঞ্চালনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- প্রয়োজনীয় সংখ্যক সিম্পল ফোল্ডার (কি-নোট, প্যাড ও কলম) ইত্যাদি প্রস্তুত করা; এবং
- মঞ্চের অতিথিদের পুষ্পস্তবক প্রদানের বিষয়ে চেয়ারম্যান মহোদয়ের সাথে আলোচনাপূর্বক নির্ধারণ।

(৩) ভেন্যু/মঞ্চ সজ্জা উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | আহব্বায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

- সম্মেলন কক্ষের ভিতরে ও বাইরে প্রয়োজনীয় সজ্জার কাজ করবেন; এবং
- মঞ্চের টেবিল, মঞ্চের পিছনের ব্যানার তৈরি, ব্যানারের বক্তব্য লিখন ও প্রদর্শন।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- মঞ্চসজ্জার নিমিত্ত উন্মুক্ত দরপত্র আফান করা হয়েছে;
- মঞ্চসজ্জায় আড়ম্বরতা পরিহার করতে হবে;
- মূল সেমিনারের বাইরে আমন্ত্রিত অতিথিদের বসার ব্যবস্থা রাখতে হবে;
- সম্মেলন কক্ষের ভিতরে মঞ্চে উপবিষ্ট অতিথিদের সামনে দুইটি এলইডি ও সাধারণ অতিথিদের সামনে দুইটি এলইডি অথবা প্রয়োজন অনুসারে কমপক্ষে দুইটি বড় স্ক্রিনের ব্যবস্থা করতে হবে;
- রাস্তার সাজসজ্জার প্রয়োজন নেই;
- মঞ্চের টেবিল বিগত বছরের মত আলাদাভাবে বানানোর প্রয়োজন নেই, সাধারণ টি-টেবিলে সামান্য উপযোগসহ পরিবেশনের ব্যবস্থা করা যেতে পারে;
- মঞ্চের পিছনের ব্যানার তৈরি, ব্যানারের বক্তব্য লিখন ও প্রদর্শন;
- অনুষ্ঠানস্থলের চিত্র এবং ভিডিও ধারণ করার জন্য একজন স্থির ক্যামেরাম্যান এবং একজন ভিডিও ক্যামেরাম্যান যেন সার্বক্ষণিক থাকে সে বিষয়ে খেয়াল রাখতে হবে; এবং
- মাইক্রোফোন, সাউন্ড সিস্টেম ইত্যাদি ব্যবস্থা করতে হবে।

(৪) কী-নোট পেপার প্রস্তুতকরণ উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | আহব্বায়ক |
| ০২ | কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম | সদস্য |
| ০৩ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| ০৪ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-২ | সদস্য |
| ০৫ | অতিরিক্ত কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম | সদস্য সচিব |

কার্যপরিধি:

- উপ-কমিটি কি-নোট পেপার প্রস্তুত করে স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ করবেন। এরপর বই আকারে তা ফোল্ডারে প্রদানের লক্ষে সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটির নিকট অনুমোদিত কি-নোট পেপার হস্তান্তর করবেন।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- কি নোট পেপার সদস্য (মূসক নীতি) মহোদয়ের সাথে আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা; এবং
- উপ-কমিটি কি-নোট পেপার প্রস্তুত করে তা চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণ করবেন। এরপর বই আকারে ছাপিয়ে তা ফোল্ডারে প্রদানের লক্ষে সেমিনার আয়োজন ও পরিচালনা উপ-কমিটির নিকট অনুমোদিত কি-নোট পেপার হস্তান্তর করবেন।

(৫) অভ্যর্থনা উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও | আহব্বায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস হাউস, পানগাঁও | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস হাউস, পানগাঁও | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস হাউস, পানগাঁও | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস হাউস, পানগাঁও | সদস্য সচিব |

কার্যপরিধি:

- উপ-কমিটি সেমিনারে আগত অতিথিদের গ্রহণ, যথাযথ আসনে উপবেশনের ব্যবস্থাকরণ ও প্রয়োজনীয় সকল কাজ সম্পাদনের কার্যক্রম গ্রহণ করবেন; এবং

- মত বিনিময় সভায় অংশগ্রহণকারী উপদেষ্টা মহোদয় ও বিশিষ্ট অতিথিবৃন্দ এর মধ্যে যারা উপস্থিত থাকবেন তাদেরকে অনুষ্ঠানস্থলে প্রযোজ্য ক্ষেত্রে প্রটোকল সহকারে নিয়ে আসা ও যথাযথ সম্মানের সাথে বিদায় জানানো।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- সুন্দর ও সংগঠিত করার লক্ষে অনুষ্ঠানের দিন সকলকে স্বতন্ত্র দৃশ্যমান আইডি কার্ড প্রস্তুত করা হয়েছে;
- দায়িত্ব পালনকারী সকলকে নীল রঙের ড্রেস পরিধান করতে হবে; এবং
- সেমিনারে আগত অতিথিদের গ্রহণ ও যথাযথ আসনে উপবেশনের ব্যবস্থা করতে হবে।

(৬) সর্বোচ্চ মূসক প্রদানকারী করদাতাগণকে সম্মাননা প্রদান প্রস্তুতি উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন এর, ঢাকা | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত মহাপরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম পরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-পরিচালক/সহকারী পরিচালক (সকল), নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-পরিচালক-১, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

- পুরস্কারের ক্রেস্ট ও নকশা প্রণয়ন এবং স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণপূর্বক ক্রেস্ট ও সম্মাননাপত্র প্রস্তুতকরণ;
- দেশব্যাপী জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চূড়ান্তভাবে নির্বাচিত সর্বোচ্চ করদাতাগণের তালিকা জাতীয় রাজস্ব বোর্ড হতে সংগ্রহকরণ এবং প্রথম ০৯ জনের সভাস্থলে উপস্থিতির বিষয়ে সার্বিক মনিটরিং।
- উক্ত প্রথম ০৯ জন ব্যতিরেকে অন্যান্যদের পুরস্কার/ক্রেস্ট/সম্মাননা প্রদানের লক্ষে তাদের নামের তালিকাসহ যথাসময়ে সংশ্লিষ্ট কমিশনারেটে প্রেরণ; এবং
- মূসক দিবসের সেমিনার অনুষ্ঠানে মাননীয় প্রধান অতিথি কর্তৃক সুশৃঙ্খলভাবে ক্রেস্ট ও সম্মাননাপত্র বিতরণের ক্ষেত্রে পূর্ব প্রস্তুতি ও যাবতীয় ব্যবস্থা গ্রহণ।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- সংশ্লিষ্ট শাখা হতে যথাসময়ে সর্বোচ্চ করদাতাগণের তালিকা সংগ্রহ করে ক্রেস্ট প্রস্তুত করতে হবে;
- পুরস্কার/ক্রেস্ট/সম্মাননা ডিজাইন নির্ধারণ করা হয়েছে;
- সুশৃঙ্খলভাবে বিতরণ নিশ্চিতকরণ; এবং
- পুরস্কার/ক্রেস্ট/সম্মাননার ডিজাইন সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) এর মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণ করা হয়েছে।

(৭) আপ্যায়ন উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার , কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | আহবায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

- সার্বিক পরিস্থিতি বিবেচনায় রেখে সেমিনারে হালকা খাবার পরিবেশনের মেন্যু নির্ধারণ করতে হবে এবং উদযাপন কমিটির আহবায়কের সাথে আলোচনা করে খাবার মেন্যু চূড়ান্ত করতে হবে;
- যে অংশে খাবার পরিবেশন করা হবে সেই অংশের আসন বিন্যাস, সজ্জিতকরণ;
- সেমিনারে উপস্থিত অতিথি সংখ্যা অনুযায়ী খাবারের পরিমাণ নির্ধারণ করা হবে অতিথি এবং গাড়িচালকদের জন্য পৃথকভাবে খাবার সরবরাহ করা হবে; এবং
- উপর্যুক্ত ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড ও স্টিয়ারিং কমিটির নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- মূল অতিথি ৫০০, রাজস্ব ভবনে কর্মরত ৪০০, ড্রাইভারসহ অন্যান্য ৪০০ জন ও অতিরিক্ত ২০০ জনসহ, মোট ১৫০০ জনের প্যাকেট হালকা খাবারের আয়োজন করা;
- প্যাকেটে সর্বোচ্চ ৬ আইটেমের উন্নতমানের খাবার আয়োজন করা; এবং
- ডিজিটাল, ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকদের আপ্যায়নের বিষয়ে PRO, জাতীয় রাজস্ব বোর্ড এর সাথে সমন্বয় সাধন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।

(৮) টক-শো আয়োজন উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | আহব্বায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

- ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণের অংশগ্রহণে বিভিন্ন টেলিভিশন চ্যানেলে টক-শো/মত বিনিময় অনুষ্ঠানের আয়োজন;
- এছাড়া নিম্নে উল্লেখিত বিশিষ্টজনদের নিয়ে টেলিভিশনে অনুষ্ঠান আয়োজন:

  (১) মাননীয় অর্থ উপদেষ্টা;
  (২) সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
  (৩) কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের সকল সদস্য;
  (৪) এফবিসিসিআই এর সভাপতি/প্রশাসকসহ বিভিন্ন চেম্বারের নেতৃবৃন্দ;

- এ লক্ষে বিভিন্ন টিভি, বাংলাদেশ বেতার ও এফ.এম রেডিও চ্যানেল এর সাথে যোগাযোগ করে অনুষ্ঠানের সময় নির্ধারণ, সমন্বয়করণ এবং ব্যবস্থা গ্রহণ;
- সেমিনার অনুষ্ঠান/টক শো-তে অংশগ্রহনের জন্য ভ্যাট বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে বিভিন্ন প্যানেল গঠন ও তাদের অংশগ্রহণ নিশ্চিতকরণ;
- ১০ ডিসেম্বর ২০২৪ তারিখে সেমিনার অনুষ্ঠানের আগের দিন (অর্থাৎ ০৯ ডিসেম্বর ২০২৪ তারিখ) জাতীয় রাজস্ব বোর্ডে প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা এবং এ লক্ষে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরনের যোগাযোগ;
- ব্রিফিং শেষে মিডিয়া কর্মীদের মাঝে প্রেস রিলিজ বিতরণ করা; এবং
- টক শো উপ-কমিটিতে PRO, NBR কে Co-opt করা হবে। এক্ষেত্রে প্রেস রিলিজ প্রস্তুতের ক্ষেত্রে টক শো উপ-কমিটির সদস্য হিসেবে PRO, NBR একটি খসড়া প্রেস রিলিজ প্রস্তুত করবেন এবং সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) মহোদয়ের মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নিবেন। ভ্যাট দিবসের ন্যূনতম ০২ (দুই) সপ্তাহ পূর্বে তা প্রস্তুত করতে হবে।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- খসড়া প্রেস রিলিজ প্রস্তুতপূর্বক চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণ করতে হবে;
- চেয়ারম্যান মহোদয় কোন কোন অনুষ্ঠানে উপস্থিত থাকবেন তা নিশ্চিতকরণ;
- টক শোর গাইড লাইন প্রস্তুত করা (টার্গেট/অর্জন এবং জনসচেতনতা বৃদ্ধিতে গুরুত্ব আরোপ করতে হবে); এবং
- সাংবাদিক সম্মেলনের দিন আপ্যায়ন উন্নতমানের করতে হবে।

(৯) পোস্টার ও স্টিকার তৈরি ও বিতরণ উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | আহব্বায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, বৃহৎ করদাতা ইউনিট, মূল্য সংযোজন কর, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে বিশেষ পোস্টার স্টিয়ারিং কমিটির মাধ্যমে অনুমোদনপূর্বক সরকারি মুদ্রণালয়ের মাধ্যমে ছাপানোর ব্যবস্থা করা এবং তা বিভিন্ন দপ্তরে বিতরণ করা;
- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ উদযাপন উপলক্ষে মূসক প্রদানে উৎসাহব্যঞ্জক শ্লোগান-সম্বলিত স্টিকার উত্তরূপভাবে অনুমোদন গ্রহণপূর্বক প্রস্তুতকরণ ও তা বিভিন্ন দপ্তরে বিতরণ; এবং
- ইলেকট্রনিক ও ডিজিটাল মিডিয়া ক্যাম্পেইন উপ-কমিটির সাথে যোগাযোগ রক্ষা করে কার্যক্রম সমন্বয় সাধন।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- ভ্যাট বিষয়ক স্লোগানসমূহ চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে চূড়ান্ত করা হয়েছে ও মোবাইল এসএমএস এর মাধ্যমে প্রচারের জন্য বিটিআরসিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে;
- নির্বাচিত স্লোগান দিয়ে স্টিকার ও পোস্টার তৈরি করতে হবে;
- সুন্দর একটি ফ্লাইয়ার এর নমুনা চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নিয়ে তৈরি করতে হবে; এবং
- পোস্টার ও স্টিকারের সংখ্যা কম হবে তবে বিতরণ যেন যথাসময়ে হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

(১০) ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন ও প্ল্যাকার্ড উপ-কমিটি:

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | আহব্বায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

- সরকারের আর্থিক ব্যয় কৃচ্ছ্রসাধন নীতি অনুসরণ করে সীমিত আকারে দিবসটি উদযাপনের বিষয়টি বিবেচনায় রেখে সাজসজ্জার আয়োজন করতে হবে;
- ঢাকাস্থ গুরুত্বপূর্ণ ও জনসমাগম হয় সেসব স্থানে বিশেষ করে সড়ক, সড়কদ্বীপ ও ফ্লাইওভার, ওভারব্রিজ ইত্যাদি স্থানে ব্যানার, রোল ব্যানার, ফেস্টুন ও প্ল্যাকার্ড দ্বারা সজ্জিত করা;

➢ এক্ষেত্রে রাজস্ব ভবন ও শহরের গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার, বিলবোর্ড, ফেস্টুন ইত্যাদির মাধ্যমে সাজসজ্জাপূর্বক ভ্যাট বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে উপ-কমিটি, উদযাপন কমিটির আহবায়ককে অবহিত রেখে এর পরিধি চূড়ান্ত করবেন;

➢ ব্যানারে কী বাণী/স্লোগান লিখতে হবে তা প্রণয়ন ও নির্ধারণ (এ বিষয়ে ইলেকট্রনিক ও ডিজিটাল মিডিয়া ক্যাম্পেইন উপ-কমিটির সাথে সমন্বয় করতে হবে); এবং

➢ ব্যানারের কয়েকটি নমুনা প্রস্তুত করে অনুমোদন/বাছাইকরণের জন্য স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করবেন।

**বাস্তবায়ন ও সিদ্ধান্ত:**

➢ বিগত বছরের ন্যায় রোল ব্যানার, এক্স ব্যানার এবং ফেস্টুন তৈরি করা হবে; উক্ত ব্যানার ও প্রচারণার কন্টেন্ট/ডিজাইনসমূহ চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে চূড়ান্ত করা হয়েছে।

➢ ঢাকার গুরুত্বপূর্ণ স্থানে বিশেষ করে সড়কদ্বীপ ও জনবহুল মোড়গুলোতে ডিজিটাল মাধ্যমের বিলবোর্ড ব্যবহার করে ভ্যাট বিষয়ক প্রচার-প্রচারণা চালানো; এবং

➢ ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহব্যাপী ব্যাপক প্রচারণা চালানো।

**(১১) অডিট উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | আহ্বায়ক |
| ০২ | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য |
| ০৩ | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য |
| ০৪ | উপ-কমিশনার/সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য |
| ০৫ | উপ-কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য সচিব |

**কার্যপরিধি:**

➢ উপ-কমিটি নিরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন করে পূর্ণাঙ্গ নিরীক্ষা প্রতিবেদন উদযাপন কমিটির আহবায়কের নিকট প্রেরণ করবেন; এবং

➢ অডিট কার্যক্রম মার্চ, ২০২৫ এর মধ্যে সম্পন্ন করবেন।

**বাস্তবায়ন ও সিদ্ধান্ত:**

➢ বিগত বছরের অডিট কার্যক্রম সমাপ্তির নির্ধারিত সময় ইতোমধ্যে অতিক্রান্ত হয়েছে, সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে ২০২৩-২৪ অর্থবছরের মূসক দিবস ও সপ্তাহ, ২০২৩ অডিট কার্যক্রম সম্পন্ন করতে হবে; এবং

➢ বর্তমান কার্যক্রম পর্যবেক্ষন করা হচ্ছে। কার্যক্রম শেষে অডিট করা হবে।

**(১২) ইলেকট্রনিক ও ডিজিটাল মিডিয়া ক্যাম্পেইন উপ-কমিটি:**

| ক্রমিক নং | পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ০১ | জনাব শওকত আলী সাদী, কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা | আহ্বায়ক |
| ০২ | জনাব কাজী মুহম্মদ জিয়াউদ্দিন, কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ০৩ | জনাব অরুণ কুমার বিশ্বাস, উপ-প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, ঢাকা | সদস্য |
| ০৪ | জনাব কাজী ইরাজ ইশতিয়াক, ডেপুটি কমিশনার, কাস্টমস হাউস, চট্টগ্রাম, | সদস্য |
| ০৫ | জনাব মোঃ শাহাদাত জামিল, ডেপুটি কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা | সদস্য সচিব |
| ০৬ | জনাব সাইদুল আলম, উপ-পরিচালক, ভ্যাট নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |

| | | |
|---|---|---|
| ০৭ | জনাব সাগর সেন, ডেপুটি কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ০৮ | জনাব উম্মে নাহিদা আক্তার, উপ-কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা-১ | সদস্য |

কার্যপরিধি:

- উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলি সূচারুরূপে সম্পাদনের লক্ষে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রম বিষয়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য-সচিবকে অবহিত রাখবেন।
- বিভিন্ন জনপ্রিয় সোশ্যাল মিডিয়া এবং অনলাইনভিত্তিক ইলেকট্রনিক ও ডিজিটাল মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড দ্বারা অনুমোদিত শ্লোগানসমূহের আলোকে ভ্যাট বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির লক্ষে ব্যাপক প্রচার-প্রচারণার পাশাপাশি নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করবেন:
  - ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ/২০২৪ উদযাপন বিষয়ে স্টিয়ারিং কমিটির অনুমোদন নিয়ে সোশ্যাল মিডিয়া অ্যাম্বাসেডর/ইনফ্লুয়েন্সার মনোনয়ন দিয়ে প্রচার-প্রচারণা চালানো;
  - ভ্যাট বিষয়ে বিভিন্ন শ্লোগানসহ মূল প্রতিপাদ্য বিষয়ের শ্লোগান তৈরি ও স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ;
  - ভ্যাট বিষয়ক অনুমোদিত স্লোগান ক্যাবল অপারেটরের মাধ্যমে প্রচার, রেডিও, টিভি ও সিনেমা হলে প্রচার এবং অন্যান্য ব্যাপক প্রচারিত মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
  - কেন্দ্রিয়ভাবে অনুষ্ঠেয় প্রোগ্রাম বিভিন্ন টিভি চ্যানেলে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ;
  - ভ্যাট বিষয়ে গণসচেতনতা বৃদ্ধির জন্য মোবাইল অপারেটরদের মাধ্যমে ভ্যাট বিষয়ক এসএমএস (SMS) প্রেরণ;
  - অনলাইন, ডিজিটাল, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরনের যোগাযোগ; এবং
  - ভ্যাট বিষয়ে জনসচেতনতা সৃষ্টি লক্ষে সোশ্যাল মিডিয়াতে ইনোভেটিভ আইডিয়া প্রচার।
- বিবিধ।

বাস্তবায়ন ও সিদ্ধান্ত:

- ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ এর প্রচার-প্রচারণার কাজে ব্যবহারের জন্য সদস্য মূসক বাস্তবায়ন ও আইটি মহোদয়ের সাথে পরামর্শক্রমে প্যাড, পোস্টার ও স্টিকার, মুদ্রণ ও বাধাঁই করার কার্যক্রম গ্রহণ করবেন;
- প্রচার-প্রচারণার কার্যক্রম পরিচালনার জন্য ইলেকট্রনিক ও ডিজিটাল মিডিয়ার ব্যক্তিত্বদের নিয়ে একাধিক সভার আয়োজনক্রমে সময়ে সময়ে আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করবেন;
- কমিটি সদস্য (মুসক: বাস্তবায়ন ও আইটি) মহোদয়ের সাথে আলোচনাক্রমে সম্ভাব্য দ্রুততম সময়ের মধ্যে সোশ্যাল মিডিয়া অ্যাম্বাসেডর/ইনফ্লুয়েন্সারের ৫-১০ জনের তালিকা তৈরি করে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণ করবেন;
- ভ্যাট বিষয়ক অনুমোদিত স্লোগানসমূহকে কেন্দ্র করে সচেতনতা সৃষ্টিমূলক সোশ্যাল মিডিয়ায় প্রচার-প্রচারণার স্ক্রিপ্ট/প্লট নির্বাচিত আম্বাসেডর/ইনফ্লুয়েন্সারদের থেকে সংগ্রহ করে সদস্য (মূসক: বাস্তবায়ন ও আইটি) মহোদয়ের মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণ করবেন; এবং
- অনুমোদনকৃত স্ক্রিপ্ট/প্লটসমূহকে উপজীব্য বানিয়ে নির্বাচিত সোশ্যাল মিডিয়া অ্যাম্বাসেডর ইনফ্লুয়েন্সারদের মাধ্যমে ব্যাপক প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন।

আঞ্চলিক উপ-কমিটি:

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা

সিদ্ধান্ত: জাতীয় পর্যায়ের ভ্যাট দিবস ও সপ্তাহে অনুষ্ঠানের ন্যায় আঞ্চলিক পর্যায়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন করা হবে এবং অনুষ্ঠানটি যেন জনসচেতনতা বৃদ্ধিমূলক, অনাড়ম্বরপূর্ণ ব্যয়সাশ্রয়ী ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট**

**সিদ্ধান্ত:** জাতীয় পর্যায়ের ভ্যাট দিবস ও সপ্তাহে অনুষ্ঠানের ন্যায় আঞ্চলিক পর্যায়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন করা হবে এবং অনুষ্ঠানটি যেন জনসচেতনতা বৃদ্ধিমূলক, অনাড়ম্বরপূর্ণ ব্যয়সাশ্রয়ী ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী**

**সিদ্ধান্ত:** জাতীয় পর্যায়ের ভ্যাট দিবস ও সপ্তাহে অনুষ্ঠানের ন্যায় আঞ্চলিক পর্যায়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন করা হবে এবং অনুষ্ঠানটি যেন জনসচেতনতা বৃদ্ধিমূলক, অনাড়ম্বরপূর্ণ ব্যয়সাশ্রয়ী ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর**

**সিদ্ধান্ত:** জাতীয় পর্যায়ের ভ্যাট দিবস ও সপ্তাহে অনুষ্ঠানের ন্যায় আঞ্চলিক পর্যায়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন করা হবে এবং অনুষ্ঠানটি যেন জনসচেতনতা বৃদ্ধিমূলক, অনাড়ম্বরপূর্ণ ব্যয়সাশ্রয়ী ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর**

**সিদ্ধান্ত:** জাতীয় পর্যায়ের ভ্যাট দিবস ও সপ্তাহে অনুষ্ঠানের ন্যায় আঞ্চলিক পর্যায়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন করা হবে এবং অনুষ্ঠানটি যেন জনসচেতনতা বৃদ্ধিমূলক, অনাড়ম্বরপূর্ণ ব্যয়সাশ্রয়ী ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা**

**সিদ্ধান্ত:** জাতীয় পর্যায়ের ভ্যাট দিবস ও সপ্তাহে অনুষ্ঠানের ন্যায় আঞ্চলিক পর্যায়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন করা হবে এবং অনুষ্ঠানটি যেন জনসচেতনতা বৃদ্ধিমূলক, অনাড়ম্বরপূর্ণ ব্যয়সাশ্রয়ী ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম**

**সিদ্ধান্ত:** জাতীয় পর্যায়ের ভ্যাট দিবস ও সপ্তাহে অনুষ্ঠানের ন্যায় আঞ্চলিক পর্যায়ে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন করা হবে এবং অনুষ্ঠানটি যেন জনসচেতনতা বৃদ্ধিমূলক, অনাড়ম্বরপূর্ণ ব্যয়সাশ্রয়ী ও সুসংগঠিত হয় সেদিকে খেয়াল রাখতে হবে।

০৩। সেবামুখী এবং জনমুখী ভ্যাট ব্যবস্থাপনা নির্মাণ কার্যক্রমের অংশ হিসেবে ১০-১৫ ডিসেম্বর ২০১৪ ভ্যাট সপ্তাহকে ভ্যাট সেবা সপ্তাহ হিসাবে পালন করার জন্য সকল ভ্যাট কমিশনারেটে একটা করে সেবা কেন্দ্র চালু করে ব্যবসা প্রতিষ্ঠানসমূহের/ ভ্যাটদাতাদের বিভিন্ন সমস্যার তৎক্ষনাৎ সমাধানসহ বাস্তবধর্মী সহায়তা প্রদান নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৪। নতুন বাংলাদেশের আগামী দিনের ভবিষ্যত এ দেশের ছাত্র-ছাত্রীদের দ্বারা নির্ধারিত হবে বিধায় ভ্যাট দিবস ও সপ্তাহ, ২০২৪ উদযাপন উপলক্ষে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিশেষ করে স্কুল ও কলেজগুলোতে ব্যাপকভাবে ভ্যাট বিষয়ক প্রচারণার সিদ্ধান্ত চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, মহোদয়ের অনুমোদনক্রমে গ্রহণ করা হয়। সকল ভ্যাট কমিশনারেটসমূহের দ্বারা দেশ ও জাতি গঠনে ভ্যাটের অপরিসীম গুরুত্ব ছাত্র-ছাত্রীদের নিকট পৌঁছানোর জন্য ভ্যাট সপ্তাহব্যাপী বিভিন্ন স্কুল-কলেজে ভ্যাট বিষয়ক রচনা ও কুইজ প্রতিযোগিতা, আলোচনা সভা, ছাত্রদের মধ্যে ছোট ছোট গিফট বিতরণ, বিজয়ীদের মধ্যে পুরস্কার, ইত্যাদি অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৫। বিভিন্ন উপ-কমিটি ও আঞ্চলিক উপ-কমিটির দায়িত্বপ্রাপ্ত ১২টি ভ্যাট কমিশনারেটসমূহ নিজস্ব কমিশনারেট এবং আওতাধীন বিভাগীয় ও সার্কেল অফিসসমূহে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপনের লক্ষে বরাদ্দকৃত বাজেট যথাযথ বিতরণ নিশ্চিত করবে। সভাপতি সকল উপ-কমিটিকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সরকারের কৃচ্ছ্রতাসাধন নীতি অনুসরণপূর্বক ব্যাপক প্রচার-প্রচারণার মাধ্যমে ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপনের জন্য অনুরোধ জ্ঞাপন করেন।

০৬। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ

(ড. মো: আব্দুর রউফ)
সদস্য
মূসক বাস্তবায়ন ও আইটি
এবং আহবায়ক
ভ্যাট দিবস ও ভ্যাট সপ্তাহ, ২০২৪ উদযাপন কমিটি

নথি নং-০৮.০১.০০০০.০৭৬.১৬.০০৬.২০২০(অংশ-১)/৩৭৫(২১)　　　　তারিখ: ২৫/১১/২০২৪ খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সদস্য (সকল) কাস্টমস ও ভ্যাট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩. সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মুসক আপিলাত ট্রাইব্যুনাল, রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/চট্টগ্রাম/কুমিল্লা/যশোর/খুলনা/রাজশাহী সিলেট/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
৬. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিন) চট্টগ্রাম।
৭. কমিশনার, কাস্টমস হাউজ, ঢাকা। আইসিডি (কমলাপুর) চট্টগ্রাম/মোংলা/পানগাঁও/ বেনাপোল, যশোর।
৮. মহাপরিচালক, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, সাগরিকা রোড, পাহাড়তলী, চট্টগ্রাম।
৯. মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১০. মহাপরিচালক, মুসক নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১১. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
১২. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
১৪. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, চট্টগ্রাম/খুলনা/ ঢাকা-১/২, ঢাকা।
১৫. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, ঢাকা।
১৬. প্রকল্প পরিচালক, বহু ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, ঢাকা।
১৭. একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৮. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [পত্রটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ]
১৯. জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৫/১১/২৪
প্রণয় চাকমা
দ্বিতীয় সচিব
(মূসক করদাতা সেবা)